

**সুবিধাবঞ্চিত শিশুদের**

জন্য কলকাতা-ঢাকা

দৌড়াবেন দুই শিক্ষক

যাযায়দিন রিপোর্ট

বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য স্কুল নির্মাণে সহায়তা দিতে ২৯১ কিলোমিটার দৌড় কর্মসূচি ঘোষণা করেছেন ইন্টারন্যাশনাল স্কুল, ঢাকার দুই শিক্ষক। এই দুই শিক্ষক হলেন- চেরিস হ্যাসি এবং মার্ক ফার্ড। 'এডুকেশন হ্যাজ নো বর্ডার' স্লোগান সামনে রেখে আগামী ১৭ থেকে ২০ এপ্রিল তারা কলকাতা থেকে ঢাকায় 'দ্য বাংলা-দ্যাশ' (THE BANGLA-DASH) নামের এই কর্মসূচি পালন করবেন। শনিবার দুপুরে রাজধানীর বনুফার শিক্ষক : পৃষ্ঠা ২ কলাম ৬

**শিক্ষক : শিশুদের**

(প্রথম পৃষ্ঠার পর)

আবাসিক জায়গায় অবস্থিত ইন্টারন্যাশনাল স্কুলে এক অন্তর্গত দুই শিক্ষক এই কর্মসূচির বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

তারা জানান, এই দৌড়ের মাধ্যমে সংশ্লিষ্ট অর্থ দিয়ে পেনসনরগণের সুকর্ণ গ্রামে তিনটি এবং বসুন্ধরার সোলমাইন স্কুলের অবকাঠামোগত সহযোগিতা করা হবে।

এর মধ্যে শিক্ষার্থীদের জন্য স্কুল নির্মাণ, পাঠ্যসূচক সরবরাহ এবং স্কুলের শিক্ষকদের ট্রেনিংয়ের ব্যবস্থা করা হবে। সুকর্ণগ্রামে নৌকায় করে যে সব সুবিধাবঞ্চিত শিশু শিক্ষাগ্রহণ করে, তাদের মুখে হাসি ফুটবে বলে তারা আশা প্রকাশ করেন। তারা আরো জানান, যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই কার্যক্রমে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পারে। এজন্য সকলের সহযোগিতা কামনা করেন তারা। বর্তমানের উদ্দেশ্য প্রসঙ্গে জানতে চাইলে চেরিস হ্যাসি এবং মার্ক ফার্ড জানান, আমরা যদি আমাদের হস্ত প্রচেষ্টা নিয়ে না এগিয়ে আসি তবে আমাদের জন্য আর কেউ এ কাজ করবে না। কর্মসূচির শিরোনামে 'দ্য বাংলা-দ্যাশ' লেখা হয়েছে কেন, এর কারণ প্রসঙ্গে তারা বলেন, এর মাধ্যমে চলমান গভীরক নির্দেশ করা হয়েছে। আমরা গতিমততার সৃষ্টি করে সুবিধা বঞ্চিতদের মুখে হাসি ফোটানতে চাই। এ সময় শিক্ষকগণ প্রকল্পের মাধ্যমে সুবিধাবঞ্চিত শিশু শিক্ষার্থীদের ডিডিওসহ উপস্থাপন করেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য [www.bangla-dash.com](http://www.bangla-dash.com) ওয়েবসাইট থেকে জানা যাবে।